যুগান্তর

তারিখ ... 26 MAR 2016 ...
পৃষ্ঠা ...১৭ কলাম ...৬ ......

# মাদ্রাসার পাঠ্যক্রম থেকে মওদুদীবাদ দূর করা হবে : এইচটি ইমাম

যুগান্তর রিপোর্ট

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচটি ইমাম বলেছেন, 'আলিয়া মাদ্রাসার পাঠ্যক্রমগুলোতে মওদুদীবাদের আধিক্য রয়েছে। সম্প্রতি ইসলামী ফাউন্ডেশন প্রকাশিত একটি প্রতিবেদনেও তা উল্লেখ করা হয়েছে। মওদুদীবাদ ইসলামের পরিপন্থী। সেই শিক্ষা কেন সরকার পরিচালিত আলিয়া মাদ্রাসায় থাকবে? এই পাঠ্যক্রমে অবশ্যই পরিবর্তনের প্রয়োজন আছে। আলিয়া মাদ্রাসার পাঠ্যক্রমে মওদুদীবাদের আধিক্য দূর করা হবে।' জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে শুক্রবার গণতান্ত্রিক ইসলামী ঐক্যজোট আয়োজিত 'স্বাধীনতার আগে ও পরে বাংলাদেশের ধর্মীয় অঙ্গনের অবস্থান' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। এইচটি ইমাম বলেন, 'ইসলামের নামে মানুষ খুন করা, বাসে আগুন দেয়া,' মানুষকে পুড়িয়ে মারা— এগুলো যারা করে তারা খাঁটি মুসলমান নয়। এক কথায় তারা মুনাফেক। আমাদের দেশে শিয়া-সুন্নি নিয়ে কখনোই বিবাদ হয়নি। এবারের ঘটনাটি ওরাই ঘটিয়েছে।'

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা আরও বলেন, 'যতই পশ্চিমে যাবেন, ততই দেখবেন তারা ইসলাম থেকে বিচ্যুত হয়ে যাচ্ছে। অথচ পূর্বের দিকে বাংলাদেশ থেকে শুরু করে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া— এসব দেশে মুসলমান সবচেয়ে বেশি। এখানে সব ধর্মের মানুষের শান্তিপূর্ণ সহাবস্থান, ইসলামের চর্চা ও ইসলাম শিক্ষার প্রচার-প্রসার সব চেয়ে বেশি। এসব দেশ থেকেই প্রতি বছর বেশি সংখ্যক মুসলিম হজ করতে যাচ্ছেন।'